JUSTICE AGENDA
NO TIME TO WAIT

**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/18/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# দেশের সর্ববৃহৎ সমুদ্র বায়ু প্রকল্পের চুক্তি সম্পাদন এবং ঐতিহাসিক জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনে (CLIMATE LEADERSHIP AND COMMUNITY PROTECTION ACT, CLCPA) স্বাক্ষর করলেন গভর্নর কুওমো

***স্থানীয় জলবায়ু কার্যক্রমে নিউইয়র্কের বৈশ্বিক-নেতৃত্ব গ্রহণের প্রেক্ষাপটে গভর্নর কুওমো'র সাথে যোগ দেন ভাইস প্রেসিডেন্ট আল গোর***

***1,700 মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে দেশের সর্ববৃহৎ সমুদ্র বায়ু প্রকল্প – 1 মিলিয়নেরও বেশি বাড়িতে সরবরাহের জন্য যথেষ্ট জ্বালানি***

***1,600 এর বেশি কর্ম সৃজন এবং ফলস্বরূপ 3.2 বিলিয়ন ডলারের অর্থনৈতিক কর্মকাণ্ডের লক্ষ্যে সমুদ্র বায়ু প্রকল্প চুক্তি***

***2040 সালের মধ্যে কার্বন মুক্ত বিদ্যুৎ ব্যবস্থা অর্জন এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 85% হ্রাসের লক্ষ্য অর্জনের পথে নিউইয়র্ক***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো, আজ দেশের সর্ববৃহৎ সমুদ্র বায়ু প্রকল্পের চুক্তি সম্পাদন করেন যা যুক্তরাষ্ট্রের ইতিহাসে যে কোনো অঙ্গরাজ্যের জন্য একক বৃহত্তম নবায়নযোগ্য জ্বালানি সংগ্রহের চুক্তি, যেখানে সাবেক ভাইস প্রেসিডেন্ট আল গোর তার সাথে যোগদান করেন – দু'টি সমুদ্র বায়ু প্রকল্পের নির্বাচন থেকে প্রায় 1,700 মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হবে যা 1 মিলিয়নেরও বেশি বাড়িতে সরবরাহের জন্য যথেষ্ট, 1,600 এর বেশি কর্ম সৃষ্টি করবে এবং ফলস্বরূপ 3.2 বিলিয়ন ডলারের অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রবাহ সৃষ্টি হবে। গভর্নর কুওমো জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনে (CLCPA) স্বাক্ষর করেছেন, যার মাধ্যমে দেশের সবচেয়ে উচ্চাভিলাষী এবং সমন্বিত জলবায়ু ও পরিচ্ছন্ন জ্বালানি আইন গৃহীত হয়েছে। আজকের ঘোষণায় জলবায়ু ও পরিচ্ছন্ন জ্বালানির ক্ষেত্রে নিউইয়র্কের বৈশ্বিক-নেতৃত্বের অবস্থানের উপর গুরত্ব প্রদান করা হয় এবং তা 2035 সালের মধ্যে গভর্নর কুওমো'র 9,000 মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন সংশ্লিষ্ট দেশকে নেতৃত্ব দানকারী সিদ্ধান্তকে এগিয়ে নেয়। এছাড়া, আজকের সমুদ্র বায়ু প্রকল্পের ঘোষণার ফলে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম প্রজন্মের প্রধান সরবরাহ চেইনের দ্রুত বর্ধনশীল সমুদ্র বায়ু প্রকল্প খাতে বিনিয়োগ ত্বরান্বিত করবে বলে প্রত্যাশা করা হচ্ছে, যা নিউইয়র্ককে দেশের ক্রমবর্ধমান সমুদ্র বায়ু শিল্পের কেন্দ্রবিন্দুতে পরিণত করবে।

"পরিবেশ এবং জলবায়ু পরিবর্তন আমাদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ নীতি সংক্রান্ত অগ্রাধিকার", **গভর্নর কুওমো বলেন।** "এগুলো আক্ষরিক অর্থেই ভবিষ্যত বা এর ঘাটতি নির্ধারণ করবে। এমনকি বর্তমান রাজনৈতিক নিন্দা এবং অতিশয়োক্তির বিশৃঙ্খলার মধ্যে এখনও বাস্তবতা, তথ্য এবং প্রমাণ রয়েছে যে, এবং জলবায়ু পরিবর্তন এক অনস্বীকার্য বৈজ্ঞানিক সত্য। তবে বড় ধরনের লক্ষ্য এবং তা অর্জনের উপায় সম্পর্কে বাস্তব ভিত্তিক পরিকল্পনা ছাড়া নতুন সবুজ আন্দোলনের প্রচারণা ফাঁপা রাজনৈতিক বাগাড়ম্বর মাত্র। এই চুক্তির মাধ্যমে, নিউইয়র্ক দেশের সমুদ্র বায়ু ভিত্তিক বিদ্যুতের বৃহত্তম উৎস তৈরির ক্ষেত্রে নেতৃত্ব দেবে, এবং আজ আমি আমেরিকার যুক্তরাষ্ট্রের সবচেয়ে শক্তিশালী জলবায়ু আইনে স্বাক্ষর করব। আজ আমরা ভবিষ্যতের পথ দেখাতে, রূপকল্প এবং বুদ্ধিমত্তা পরিচালনায়, নতুন মানদণ্ড প্রতিষ্ঠায়, এবং কথার সাথে আমাদের কাজের মিল রাখায় নিউইয়র্কের সত্যিকারের উত্তরাধিকার।"

**সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন,** "জলবায়ু পরিবর্তন হল বাস্তবতা এবং ভবিষ্যতের প্রজন্মকে আরও ভালভাবে সুরক্ষা প্রদান করতে অবশ্যই সেটার মোকাবেলা করতে হবে। ওয়াশিংটন কাজ করতে ব্যর্থ হলে অবশ্যই নিউইয়র্ক অঙ্গরাজ্যকে এই গুরুত্বপূর্ণ বিষয়ে নেতৃত্ব দিতে এগিয়ে আসতে হবে। জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন আমাদের সবুজ জ্বালানি উৎসে উত্তরণের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট ক্ষতির মোকাবেলা, অঙ্গরাজ্য ব্যাপী গ্রিনহাউস গ্যাসের নির্গমন হ্রাস, সবুজ প্রযুক্তিতে বিনিয়োগের উপর মনোনিবেশ, সুবিধা বঞ্চিত কমিউনিটিসমূহকে সুরক্ষা দান, এবং শ্রমিকদের সুরক্ষিত রাখা ও শ্রেয় কর্ম সৃজনের বিষয়টি নিশ্চিত করবে। আমি সিনেটর টড কামিনস্কিকে এই বিলে পৃষ্ঠপোষকতা প্রদান, সারা দেশে শুনানি অনুষ্ঠান এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে নেতৃত্বের জন্য প্রশংসা করি।"

**পরিষদের স্পিকার কার্ল হিস্টি বলেন,** "বহু বছর ধরে পরিষদের সংখ্যাগরিষ্ঠ সদস্যরা জলবায়ুর পরিবর্তন মোকাবেলায় সমন্বিত আইনের জন্য লড়াই করেছেন। কঠোর পরিশ্রম ও আত্ম-নিবেদনের জন্য পরিবেশ সংরক্ষণ কমিটির সভাপতি স্টিভ অ্যাঙ্গলব্রাইট এবং আমাদের পরিষদের সংখ্যাগরিষ্ঠ সহকর্মীদের ধন্যবাদ, নিউইয়র্ক অঙ্গরাজ্য সবুজ জ্বালানি বিকল্প উৎপাদন এবং টেকসই নীতি প্রণয়নে নেতৃত্ব দিচ্ছে। ওয়াশিংটনের প্রশাসন পরিবেশগত সুরক্ষা থেকে পিছিয়ে আসলেও, আমরা জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব থেকে আমাদের পরিবেশ, অর্থনীতি এবং নিউইয়র্কবাসীদের কল্যাণকে রক্ষা করার লড়াই চালিয়ে যাব।"

**<u>দেশের বৃহত্তম সমুদ্র বায়ু প্রকল্প চুক্তি</u>**

2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট সমুদ্র বায়ু ভিত্তিক বিদ্যুৎ উৎপাদনসহ নিউইয়র্কের অভূতপূর্ব পরিচ্ছন্ন জ্বালানি লক্ষ্যসমূহের দিকে দ্রুত অগ্রসর হওয়ার জন্য গভর্নর কুওমো আজ নিউইয়র্কের প্রথম সমন্বিত সমুদ্র বায়ু প্রকল্পের ঘোষণা দেন: একুইনোর ইউএস হোল্ডিংস ইনকর্পোরেশন (Equinor US Holdings, Inc) এবং বে স্টেট উইন্ডস লিমিটেড কোম্পানির (Bay State Wind LLC) এম্পায়ার উইন্ড (Empire Wind) এবং সানরাইজ উইন্ড (Sunrise Wind) উন্নয়ন প্রকল্প, যথাক্রমে অর্সস্টেড A / S (Ørsted A/S) এবং এভারসোর্স এনার্জি (Eversource Energy) এর যৌথ উদ্যোগ। যৌথভাবে, উভয় প্রকল্প থেকে 1,700 মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যাবে, যা নিউইয়র্কের এক মিলিয়নেরও বেশি বাড়িতে বিদ্যুৎ সরবরাহের জন্য যথেষ্ট

এবং1,600 এর বেশি কর্ম সৃজনের মাধ্যমে দেশব্যাপী 3.2 বিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈথিক কর্মকাণ্ডের প্রবাহ ঘটাবে। 2018 সালের মার্চ থেকে বর্তমান সময় পর্যন্ত তিনটি পৃথক উদ্যোগের মাধ্যমে নিউইয়র্ক মোট 4,700 মেগাওয়াট নতুন বড় আকারের নবায়নযোগ্য জ্বালানি চুক্তিতে এসেছে, যা মাত্র দুই বছরে নবায়নযোগ্য জ্বালানির ক্ষেত্রে বিশ্বে উল্লেখযোগ্য অগ্রগতি। সম্মিলিতভাবে এসব প্রকল্প 2025 সালের মধ্যে দুই মিলিয়ন পর্যন্ত পরিবারের জন্য বিদ্যুৎ সরবরাহের পক্ষে যথেষ্ট নবায়নযোগ্য শক্তি সরবরাহ করবে এবং নিউইয়র্কের বিদ্যুৎ চাহিদার প্রায় 10% পূরণ করবে।

গভর্নর কুওমো'র 2019 সালের স্টেট অব দ্য স্টেট বক্তৃতার সঙ্গে সামঞ্জস্য রেখে প্রকল্প বাস্তবায়নকারীরা উৎপাদন ও বন্দর অবকাঠামোতে অতিরিক্ত বিনিয়োগ করার অঙ্গীকার করেছে। ক্যাপিটাল রিজিয়ন, ব্রুকলিন, স্টেটেন আইল্যান্ড এবং লং আইল্যান্ডসহ অঙ্গরাজ্যের একাধিক অঞ্চলে অত্যাধুনিক অবকাঠামোতে মোট 287 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হবে। এসব আর্থিক প্রতিশ্রুতি ব্যক্তি খাতের সরবরাহ চেইনের মূলধনের দ্বার উন্মুক্ত করে সমুদ্র বায়ু ভিত্তিক প্রকল্পের আঞ্চলিক বিকাশ থেকে অঙ্গরাজ্যের দীর্ঘমেয়াদি অর্থনৈতিক সুবিধা সর্বোচ্চ করবে।

9,000 মেগাওয়াট সমুদ্র বায়ু ভিত্তিক বিদ্যুৎ 10,000 এরও বেশি কর্ম সৃজন করবে বলে প্রত্যাশা করা হচ্ছে। এই অঙ্গরাজ্য বেসরকারি খাতের সাথে অংশীদারিত্বে শ্রমশক্তির উন্নয়নে সহায়তা করার জন্য নিউইয়র্কবাসীদের শিক্ষিত, প্রশিক্ষিত করে গড়ে তোলার এবং নিয়োগদান করার জন্য প্রাতিষ্ঠানিক অবকাঠামো প্রতিষ্ঠায় সমুদ্র বায়ুর অর্থনৈতিক ও কর্মশক্তি উন্নয়নে নিউইয়র্ক অঙ্গরাজ্যের পরামর্শক পরিষদ 20 মিলিয়ন মার্কিন ডলারের সমুদ্র বায়ু প্রশিক্ষণ ইনস্টিটিউট (Offshore Wind Training Institute, OWTI) এবং 3 মিলিয়ন মার্কিন ডলারের কমিউনিটি ও শ্রমশক্তি কল্যাণ তহবিল (Community and Workforce Benefits Fund, CWB Fund) প্রতিষ্ঠাসহ নতুন পদক্ষেপও গ্রহণ করছে। সমুদ্র বায়ু প্রকল্পে গত কয়েক দশক ধরে নিউইয়র্কের অবকাঠামো ও অর্থনীতিকে চালিত করেছে ব্যাপকভাবে এমন শ্রম ব্যবহার করা হবে। এসব বিনিয়োগ থেকে বিশেষ করে নিউইয়র্কের নিম্ন আয়ের এবং পরিবেশগত ন্যায়বিচার কমিউনিটি (environmental justice communities), CLCPA এবং গভর্নর কুওমো'র পরিচ্ছন্ন জ্বালানিতে উত্তরণের প্রতিশ্রুতি উপকৃত করবে।

এই ঐতিহাসিক কর্মকাণ্ডের ফলাফল নিউইয়র্কের দেশকে নেতৃত্বদানকারী সমুদ্র বায়ু পরিকল্পনা সংশ্লিষ্ট প্রচেষ্টায় গুরুত্বপূর্ণ নতুন অধ্যায় সূচিত করেছে, যা তিন বছরেরও বেশি সময় ধরে পরিচালিত হয়েছে এবং সমন্বিত ও বিস্তৃত পরিসরের অংশীদার, সংস্থা এবং উন্মুক্ত পরামর্শসহ বিস্তারিত প্রযুক্তিগত ও আর্থিক বিশ্লেষণ অন্তর্ভুক্ত করেছে। এসব প্রকল্প অঙ্গরাজ্য ও স্থানীয় নির্বাচিত কর্মকর্তা এবং সংরক্ষণ সংস্থা, শ্রমিক সমর্থক গ্রুপ, একাডেমিক প্রতিষ্ঠান, সমুদ্র সংশ্লিষ্ট শিল্প এবং অন্যান্য প্রতিষ্ঠানসহ অংশীদারদের কাছ থেকে উল্লেখযোগ্য সহায়তা পেয়েছে। বিশেষ করে নিউইয়র্কের দৃষ্টিভঙ্গির কারণে বাণিজ্যিক মৎস্যজীবী ও পরিবেশগত সংস্থার সাথে আলোচনা এবং সর্বোত্তম অনুশীলন বিকাশের মাধ্যমে বাস্তবায়নকারীদের প্রকল্প পরিকল্পনা গ্রহণ করতে হয়।

## জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন

CLCPA অনুযায়ী 2040 সাল নাগাদ অঙ্গরাজ্যকে কার্বন মুক্ত বিদ্যুৎ ব্যবস্থা অর্জন করতে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 1990 এর তুলনায় 85% কমিয়ে আনতে হবে, যা পরিচ্ছন্ন জ্বালানির অর্থনীতিতে রূপান্তর দ্রুততর করার ক্ষেত্রে অঙ্গরাজ্যেসমূহের ও দেশের জন্য একটি নতুন মান নির্ধারণ করবে। নতুন এই আইন বায়ু, সৌর, জ্বালানি দক্ষতা এবং শক্তি সঞ্চয়ের মতো পরিচ্ছন্ন জ্বালানি সমাধানের ক্ষেত্রে বিনিয়োগে উদ্বুদ্ধ করবে। যেটা গুরুত্বপূর্ণ তাহল, CLCPA বাস্তবায়নের লক্ষ্য হবে সুবিধা বঞ্চিত কমিউনিটিগুলোকে সুবিধা প্রদানের লক্ষ্যে বিনিয়োগ, হাজার হাজার নতুন কর্ম সৃজন, জনস্বাস্থ্য ও জীবনযাত্রার মানের উন্নয়ন এবং সমস্ত নিউইয়র্কবাসীকে আরও শক্তিশালী পরিচ্ছন্ন জ্বালানি বিকল্প সরবরাহ।

নতুন আইনের উল্লেখযোগ্য:

**নিউইয়র্ককে অর্থনীতির পথ – ব্যাপক ভিত্তিক কার্বন নিরপেক্ষতায় স্থাপন:** নিউইয়র্ক অঙ্গরাজ্যের পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) বিধিবিধান প্রণয়নের মাধ্যমে 2030 সালের মধ্যে অন্তর্বর্তী নির্গমন 40% হ্রাসসহ 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাসের নির্গমন 85% হ্রাস (উভয়ই 1990 সালের স্তরের তুলনায়) করবে। জলবায়ু সংশ্লিষ্ট কর্ম পরিষদ (Climate Action Council) কার্বন আটক বা অন্যান্য প্রযুক্তির মাধ্যমে অবশিষ্ট নির্গমন বানচাল করার পরিকল্পনা তৈরি করবে, যার ফলে একটি কার্বন-নিরপেক্ষ অর্থনীতি পাওয়া যাবে।

**2030 সালের মধ্যে 70% নবায়নযোগ্য জ্বালানি এবং 2040 সালের মধ্যে শূন্য কার্বন নির্গমন ভিত্তিক বৈদ্যুতিক খাত:** CLCPA গভর্নর কুওমো'র দেশকে নেতৃত্ব দানকারী লক্ষ্যসমূহকে তার সবুজ নতুন চুক্তি (Green New Deal) হিসাবে বিধিবদ্ধ করে, যাতে নিউইয়র্কের বিদ্যুতের কমপক্ষে 70% 2030 সালের মধ্যে বায়ু এবং সৌর উৎসের মতো নবায়নযোগ্য বিদ্যুতের উৎস থেকে আসে এবং 2040 সালের মধ্যে অঙ্গরাজ্যের বিদ্যুৎ ব্যবস্থা 100% কার্বন নিরপেক্ষ হয়।

**দেশকে নেতৃত্ব দানকারী পরিচ্ছন্ন জ্বালানি বিনিয়োগ:** CLCPA 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট সমুদ্র বায়ু ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন; 2025 সালের মধ্যে 6000 মেগাওয়াট বন্টিত সৌর বিদ্যুৎ প্রাপ্তি; এবং 2030 সালের মধ্যে 3,000 মেগাওয়াট জ্বালানি সঞ্চয়ের জন্য গভর্নর কুওমো'র দেশকে নেতৃত্বদানকারী প্রতিশ্রুতিও বিধিবদ্ধ করছে।

**জলবায়ু কর্ম পরিষদ এবং নীতির রোডম্যাপ:** অঙ্গরাজ্যের সংশ্লিষ্ট সংস্থাসমূহের বিশেষজ্ঞ প্রধান এবং আইনি নিয়োগপ্রাপ্ত ব্যক্তিরা আইন অনুসারে প্রয়োজনীয় রোডম্যাপ ও নীতিমালা প্রণয়ন করবে। বিশেষজ্ঞ এবং স্টেকহোল্ডাররা যাতে CLCPA এর অধীনে প্রণীত সমস্ত নীতি অবহিত করে সেটা নিশ্চিত করতে নিউইয়র্ক অঙ্গরাজ্যের জ্বালানি গবেষণা ও উন্নয়ন সংস্থা (New York State Energy Research and Development, NYSERDA) এবং DEC এর সহ-সভাপতিত্বে পরিষদ খাত ভিত্তিক ওয়ার্কিং গ্রুপ প্রতিষ্ঠা করবে। পরিকল্পিত ওয়ার্কিং গ্রুপগুলোর মধ্যে ন্যায় ভিত্তিক উত্তোরণ সম্পর্কিত ওয়ার্কিং গ্রুপের পাশাপাশি পরিবহণ, কৃষি, শক্তি-নিবিড় ও বাণিজ্য-প্রভাবিত শিল্প, ভূমি ব্যবহার এবং শক্তি দক্ষতা সম্পর্কিত কর্মী গোষ্ঠী অন্তর্ভুক্ত।

**পরিবেশগত ন্যায়বিচার এবং ন্যায় ভিত্তিক উত্তোরণের ক্ষেত্রে উল্লেখযোগ্য বিনিয়োগ:** অঙ্গরাজ্যের সংশ্লিষ্ট সংস্থাসমূহ সুবিধা বঞ্চিত কমিউনিটিসমূহকে সুবিধা প্রদানের জন্য পরিচ্ছন্ন জ্বালানি কর্মসূচির

সম্পদে 35% বিনিয়োগ করবে এবং 40% বিনিয়োগের লক্ষ্য রাখবে। এছাড়া, প্রচলিত জ্বালানি শিল্পে কর্মরত ব্যক্তিদেরকে ক্রমবর্ধমান প্রশিক্ষণ ও পরিচ্ছন্ন জ্বালানির অর্থনীতিতে সুযোগ প্রদান নিশ্চিত করতে ন্যায় ভিত্তিক উত্তোরণ গ্রুপ কাজ করবে।

**সিনেটর টড কামিনস্কি বলেন,** "আজকের ঘোষণা এটা প্রমাণ করা অব্যাহত রেখেছে যে, নিউইয়র্ক সবুজ অর্থনীতিতে উত্তোরণে নেতৃত্ব দিচ্ছে। CLCPA দেশের সবচেয়ে শক্তিশালী সবুজ জ্বালানির লক্ষ্য নির্ধারণ করেছে এবং 1,700 মেগাওয়াট বায়ু ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন তা বাস্তবায়নে বড় ধরনের এক পদক্ষেপ। ওয়াশিংটন যখন কোনো পদক্ষেপ নিচ্ছে না, সেই বর্তমান মুহূর্তই সাহসী, বৈশ্বিক পরিবর্তনের সময়।"

**পরিষদ সদস্য স্টিভ অ্যাঙ্গলব্রাইট বলেন,** "জলবায়ু পরিবর্তন আমাদের সামনে সবচেয়ে গুরুত্বপূর্ণ সমস্যাগুলোর একটি, এবং এর প্রভাব প্রতিরোধ ও হ্রাস করা আমার এবং আমার পরিষদ সহকর্মীদের জন্য সর্বোচ্চ অগ্রাধিকারে রয়েছে। আমি আনন্দিত যে এই আইনে এমন ব্যাপক ও সক্রিয় পদক্ষেপ রয়েছে যাতে নির্গমন হ্রাস এবং নতুন প্রযুক্তির উন্নয়ন ও চাকরির সুযোগ সৃষ্টিকে উৎসাহিত করা হয়। নিউইয়র্ক সবসময়ই পরিবেশের ক্ষেত্রে নেতৃত্বে রয়েছে এবং এই আইন ও পাশাপাশি সমুদ্র বায়ু প্রকল্প তার সর্বশেষ প্রমাণ।"

**NYSERDA-এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যালিসিয়া বার্টন বলেন,** "জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে গভর্নর কুওমো'র অভূতপূর্ব প্রতিশ্রুতি মার্কিন যুক্তরাষ্ট্রের জলবায়ু ও জ্বালানির গতিপথকে মৌলিকভাবে পরিবর্তন করেছে, এবং আজকের ঘোষণার মাধ্যমে গভর্নর স্পষ্ট করেছেন যে আমাদের বিশ্বব্যাপী-উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্যের দিকে অগ্রসর হতে নিউইয়র্ক কোনো সময় নষ্ট করবে না। NYSERDA এর উদ্বোধনী সমুদ্র বায়ু ভিত্তিক প্রায় 1,700 মেগাওয়াট বিদ্যুৎ সংগ্রহের ক্ষেত্রে ইম্পায়ার উইন্ড ও সানরাইজ উইন্ড এর নির্বাচন মার্কিন যুক্তরাষ্ট্রে বড় আকারের সমুদ্র বায়ু ভিত্তিক প্রকল্প উন্নয়নের ক্ষেত্রে সন্ধিক্ষণ এবং হাজার হাজার কর্ম সৃজন ও বিলিয়ন বিলিয়ন ডলারের অর্থনৈতিক কর্মকান্ডের মাধ্যমে এসব প্রকল্প এই শিল্পে যুক্তরাষ্ট্রের কেন্দ্র হিসাবে নিউইয়র্কের অবস্থান নিরাপদ করবে।"

**নিউইয়র্ক অঙ্গরাজ্যের পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বেসিল সেগোস বলেন,** "নিউইয়র্কের জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন জলবায়ুর ক্ষেত্রে অঙ্গরাজ্য পরিচালিত পদক্ষেপের স্বর্ণ মান নির্ধারণ করবে। দেশকে নেতৃত্ব প্রদানকারী অঙ্গরাজ্যের লক্ষ্যে পৌঁছানো এবং গ্রিনহাউস গ্যাসের নির্গমন হ্রাস ও নবায়নযোগ্য জ্বালানির উৎস বাড়াতে, নিউইয়র্ককে অবশ্যই আমাদের অঙ্গরাজ্যের সমুদ্র বায়ু ভিত্তিক জ্বালানি সংগ্রহ করতে হবে। এবং বায়ু ভিত্তিক জ্বালানি উন্নয়নের বিষয়টি দায়বদ্ধতার সাথে নিশ্চিত করতে DEC সংবেদনশীল সাগরের আবাস সুরক্ষার জন্য বাণিজ্যিক মৎস্য শিকার শিল্পসহ প্রধান প্রধান স্টেকহোল্ডার ও অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেছে। আজকের ঘোষণা এটা আবারও প্রমাণ করে যে, CLCPA এবং আমাদের চলমান পরিচ্ছন্ন জ্বালানি উদ্যোগের মাধ্যমে নিউইয়র্ক আমাদের কমিউনিটিসমূহ এবং আমাদের অপ্রতিস্থাপনীয় প্রাকৃতিক সম্পদ রক্ষা করার পাশাপাশি জলবায়ুর ক্ষেত্রে কর্মরত দেশের প্রচেষ্টায় নিতৃত্ব দিচ্ছে।"

**পাবলিক সার্ভিস কমিশনের সভাপতি জন বি. রোডস বলেন,** "জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন 2040 সালের মধ্যে 100 শতাংশ পরিচ্ছন্ন এবং কার্বন-নিরপেক্ষ জ্বালানির জন্য গতি নির্ধারণ করে। এই ফলাফল অর্জনে সমুদ্র বায়ু একটি বিশিষ্ট ভূমিকা পালন করবে। নিউইয়র্কের এই নতুন শিল্পকে উন্নত করার জন্য নতুন নতুন চাকরি তৈরির লক্ষ্যে প্রায় 1,700 মেগাওয়াট সমুদ্র বায়ু ভিত্তিক বিদ্যুৎ নতুন শিল্প বিকাশ, উচ্চ বেতনের নতুন ভালো চাকরি সৃষ্টি, এবং পরিচ্ছন্ন নতুন প্রযুক্তি সক্রিয় করে এই শিল্পে নিউইয়র্ককে স্পষ্টভাবে দেশের নেতৃত্বের অবস্থানে নিয়ে যায়।"

**নিউইয়র্ক অঙ্গরাজ্যের শ্রম বিভাগের কমিশনার (New York State Department of Labor) রবার্টা রিয়ার্ডন বলেন,** "আমরা যে সমুদ্র বায়ু ভিত্তিক জ্বালানির এই রোমাঞ্চকর সম্প্রসারিত ব্যবহারের জন্য প্রস্তুত তা নিশ্চিত করতে কর্মশক্তির উন্নয়ন ও প্রশিক্ষণ অপরিহার্য উপাদান, যা নিশ্চিত করবে যে নিউইয়র্ক অঙ্গরাজ্যের জ্বালানি মিশ্রণ বর্তমান ও ভবিষ্যতে কার্যকর ও সাশ্রয়ী। নিউইওয়র্ক অঙ্গরাজ্যের শ্রম বিভাগ আমাদেরকে ভালোভাবে পরিচ্ছন্ন, স্বাস্থ্যকর নিউইয়র্কের লক্ষ্যে স্থাপন করায় ভূমিকা রাখতে পেরে আনন্দিত।"

**নিউইয়র্ক অঙ্গরাজ্যের সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাডো বলেন,** "এই বুদ্ধিদীপ্ত, কার্যকর পদক্ষেপ দেশের বাকি অংশকে তা সম্পন্ন করার পথ প্রদর্শন করে। বিচক্ষণ নীতি প্রণয়নের মাধ্যমে আমরা পরিবেশের সুরক্ষা প্রদান, জলবায়ু পরিবর্তনের মোকাবেলা এবং নাটকীয়ভাবে জ্বালানির দৃশ্যপট উন্নত করতে পারি - এবং তা করব। জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন গ্রিনহাউস গ্যাস নির্গমন নির্মূল করার চেষ্টা চালালেও ফেডারেল সরকার পরিবেশের সুরক্ষা থেকে পিছু হটছে। নতুন সমুদ্র বায়ু প্রকল্পসমূহ হাডসন উপত্যকা এবং লং আইল্যান্ডে পরিচ্ছন্ন পরিবেশ এবং হাজার হাজার ভাল চাকরি সৃষ্টির প্রতিশ্রুতি প্রদান করে। এগুলো হল পরিবেশ, জ্বালানি ও অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত সাহসী পদক্ষেপের মাধ্যমে নিউইয়র্ক জুড়ে টেকসই কমিউনিটির ক্ষেত্রে গভর্নর কুওমো'র প্রতিশ্রুতির সর্বশেষ উদাহরণ।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হাওয়ার্ড জেমস্কি বলেন,** "পরিচ্ছন্ন জ্বালানি নিউইয়র্কের অর্থনৈতিক ভবিষ্যতের একটি অত্যাবশ্যক উপাদান এবং এসব ঐতিহাসিক পদক্ষেপ বিলিয়ন বিলিয়ন ডলারের বিনিয়োগ, হাজার হাজার নতুন, সবুজ চাকরি এবং পরিচ্ছন্ন, সবুজ নিউইয়র্ক তৈরি করবে।"

**স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY)-এর চ্যান্সেলর ক্রিস্টিনা এম. জনসন বলেন,** "2040 সালের মধ্যে 100% নবায়নযোগ্য এর গুরুত্বপূর্ণ ও আইন প্রণয়নের লক্ষ্যে পৌঁছানোর জন্য আমাদের দরকার সুশিক্ষিত, সুদক্ষ ও প্রস্তুত জনশক্তি। নিউ ইয়র্ক স্টেট স্টেট ইউনিভার্সিটি আমাদের SUNY ক্যাম্পাসে অফ-শোর উইন্ডকে কাজে লাগানোর জন্য আমাদের প্রতিভাবান শিক্ষার্থী এবং অনুষদদের শিক্ষাগত ও গবেষণামূলক কাজে সুযোগ প্রদানের জন্য গভর্নর কুওমোর অংশীদার হতে পেরে গর্বিত।"

**নির্বাচিত প্রকল্প**

প্রস্তাবক নিউ ইয়র্ক স্টেট কর্তৃক অফারকৃত মূল্য, অর্থনৈতিক সুবিধাবলী ও প্রকল্পের বাস্তব উপযোগিতা অনুযায়ী একটি যথাযথ ও প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট এনার্জি

রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) এই সকল প্রস্তাবনাকে চুক্তির সমঝোতার জন্য নির্বাচিত করেছে। নির্বাচিত প্রকল্পগুলি 2018 সালের শুরুতে বিশ্লেষণের তুলনায় প্রায় 40% কম মূল্যে অফার করা হয়েছে। চুক্তি বাস্তবায়নের পর, NYSERDA মূল্য ও অন্যান্য আনুসঙ্গিক মেট্রিকসহ চুক্তির বিস্তারিত প্রকাশ করবে।

**এম্পায়ার উইন্ড 816-মেগাওয়াট প্রজেক্ট (Empire Wind 816-Megawatt Project)**
একুইনর (Equinor) চ্যানেলগুলির 816 মেগাওয়াটের এম্পায়ার উইন্ড প্রকল্প এম্পায়ার স্টেট (Empire State)-এর অদ্বিতীয় সক্ষমতাকে নির্দেশ করছে। নিউ ইয়র্ক বাইট থেকে নিউ ইয়র্ক সিটি পর্যন্ত নবায়নযোগ্য বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে, যেখানে চাহিদা সবচেয়ে বেশি, এই প্রকল্প ৪00 এর উপরে স্থানীয় কর্মসংস্থান সৃষ্টি করবে এবং ক্যাপিটাল রিজিওনের কাওয়িমানস পোর্টে (Port of Coeymans) পা রাখার জায়গার ফ্যাব্রিকেশন সুবিধা নিশ্চিত করবে। এই প্রকল্পটি নিউ ইয়র্ক স্টেটে গুরুত্বপূর্ণ ও দীর্ঘমেয়াদী কর্মসংস্থান ও অর্থনৈতিক সুবিধা সৃষ্টি করবে যেমন- সাউথ ব্রুকলিনকে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বেজ হিসেবে প্রতিষ্ঠা, প্রকল্পের প্রস্তাবিত সংযোজক পয়েন্ট কন এডিসন গোয়ানাস সাবস্টেশন (Con Edison's Gowanus substation)-এর আশেপাশের মানুষদের স্থায়ী উচ্চমানের কর্মসংস্থান সৃষ্টি করা উল্লেখযোগ্য। পোর্টের উন্নয়ন এবং বিভিন্ন মৌলিক উপাদানসমূহের সংযোগ 2021 সালের শুরুর দিকেই আরম্ভ করা হবে। এম্পায়ার উইন্ড প্রকল্পটির নির্মাণ কাজ 2022 সালে শুরু হবে এবং এটি 2024 সালের ডিসেম্বর মাসে বাণিজ্যিকভাবে চালু হবে বলে আশা করা হচ্ছে।

**একুইনর উইন্ড ইউএস (Equinor Wind US)-এর সভাপতি ক্রিস্টার গেইজাসটাম বলেন,**
"প্রকৃতপক্ষে, গভর্নর কুওমোর অফশোর উইন্ড ঘোষণার ফলে স্বপ্ন যেন সত্যি হলো। তিন বছর আগে যখন আমাদের লিজ এলাকাটি পেলাম তখন থেকেই একটি চ্যালেঞ্জকে গুরুত্ব দিয়ে যাচ্ছি: নিউ ইয়র্কবাসীর জন্য সবচেয়ে সম্ভাব্য ভালো প্রকল্প কোনটি হতে পারে। এখন আমরা আমাদের অফশোর অভিজ্ঞতা ও দক্ষতাকে নিউ ইয়র্ক স্টেট, স্থানীয় কমিউনিটি ও ইউএস ইন্ডাস্ট্রির সহায়তায় কাজে লাগিয়ে নতুন ও লাভজনক শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলার এক অদ্বিতীয় সুযোগ পেয়েছি।"

**সানরাইজ উইন্ড 880-মেগাওয়াট প্রজেক্ট (Sunrise Wind 880-Megawatt Project)**
৪৪0 মেগা ওয়াটের সানরাইজ উইন্ড প্রকল্প হলো বিশ্বের অফশোর উইন্ড প্রকল্পের শীর্ষস্থানীয় অস্টেড ও এভারসোর্স এনার্জি এর সাথে কৌশলগত অংশীদার এবং এটি কন এডিসন ট্রান্সমিশন ও নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির (New York Power Authority) পৃষ্ঠপোষকতায় পরিচালিত যারা এই প্রকল্পের ট্রান্সমিশন সুবিধার উন্নয়নে সহায়তা করবে। সানরাইজ উইন্ড প্রজেক্ট প্রস্তাবনায় অস্টেড এবং এভারসোর্সের দৃঢ় উপস্থিতি সুনিশ্চিত করার কথা বলে নর্থইস্টে যেন নর্থ আমেরিকান অপারেশন হেডকোয়াটার (North American Operations Headquarters) পুনঃস্থানান্তর করে এর পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কেন্দ্র পোর্ট জেফারসন, লং আইল্যান্ডে আনতে পারে যেন এটি সানরাইজ উইন্ড প্রজেক্ট ও অন্যান্য ইউ.এস. প্রজেক্টকে সহায়তা করতে পারে। সানরাইজ উইন্ড প্রজেক্ট থেকে প্রত্যাশা করা হচ্ছে ৪00টির বেশি স্থানীয় কর্মসংস্থানের সৃষ্টি করতে পারবে, ক্যাপিটাল রিজিওনের পোর্ট সেবা বাড়াতে পারবে যার ফলে টারবাইন তৈরির স্টিল কম্পোনেন্ট ফেব্রিকেশনের সুবিধা ও

আরও কিছু আঞ্চলিক প্রতিষ্ঠানকে আর্থিক ও কৌশলগত সহায়তা দিতে পারবে যা শিক্ষা ও গবেষণার উন্নয়নে এবং অফশোর উইন্ড এনার্জির উন্নয়নে ভূমিকা রাখতে পারবে। এই প্রকল্পের পরিকল্পিত সংযোগ পয়েন্ট হলো ব্রুকহ্যাভেন শহরের হলব্রুক ও ওয়েস্ট-বাস সাবস্টেশন যেটি লং আইল্যান্ড পাওয়ার অথোরিটি (Long Island Power Authority, LIPA) সার্ভিস সীমানায় অবস্থিত। সানরাইজ উইন্ড প্রজেক্টের নির্মাণ কাজ 2022 সালে শুরু হবে এবং এটি 2024 সালের মে মাসে বাণিজ্যিকভাবে চালু হবে বলে আশা করা হচ্ছে।

**অর্স্টেড নর্থ আমেরিকা (Ørsted North America)-এর সভাপতি এবং অর্স্টেড ইউ.এস. অফশোর (Ørsted U.S. Offshore)-এর প্রধান নির্বাহী কর্মকর্তা থমাস ব্রোসট্রম বলেন,** "আমরা রোমাঞ্চিত যে নিউ ইয়র্কের অফশোর উইন্ড প্রকল্পের শুরু হচ্ছে সানরাইজ উইন্ড প্রকল্পের হাত দিয়ে এবং আমাদের প্রস্তাবনাকে সামগ্রিক ও সুচিন্তিতভাবে মূল্যায়ন করার জন্য গভর্নর কুওমোর প্রশাসন ও NYSERDA-কে ধন্যবাদ জানাতে চাই। অর্স্টেডে, আমরা বিশ্বাস করি যে এখনই পদক্ষেপ গ্রহণের সময় এসেছে যেন আমরা এমন পৃথিবী গড়ে তুলতে পারি যেটি গ্রিন এনার্জি দ্বারা চালিত হবে এবং জলবায়ু পরিবর্তন রোধ করতে আমাদের এখনই পদক্ষেপ নিতে হবে। কীভাবে নিউ ইয়র্ক এই সব মূল্যবোধকে শেয়ার করে সে বিষয়ে গভর্নর কুওমোর এনার্জি এজেন্ডা এবং অফশোর উইন্ডের প্রতি তার প্রতিশ্রুতি সবচেয়ে বড় উদাহরণ।"

**এভারসোর্সের এন্টারপ্রাইজ এনার্জি স্ট্র্যাটেজির এক্সিকিউটিভ সহ-সভাপতি লি ওলিভিয়ার বলেন,** "সানরাইজ উইন্ড নিউ ইয়র্কের জন্য কিছু করার মতো ভালো স্থান এবং ভালো টিম পেয়েছে যেহেতু গভর্নর কুওমো একটি জাতীয় অগ্রাধিকার ঠিক করেছে যে নিউ ইয়র্কের জন্য 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াটের অফশোর উইন্ড সক্ষমতা তৈরি করবে। সানরাইজ উইন্ড প্রজেক্টের অঙ্গীকার এই যে এটি হাজার হাজার পরিবারে ক্লিন এনার্জি সরবরাহ করবে, অর্থনৈতিক উন্নয়ন ও অর্থীতিতে বিনিয়োগ ত্বরান্বিত করবে এবং শত শত স্থায়ী কর্মসংস্থান সৃষ্টি করবে। গভর্নর কুওমোর নেতৃত্বে নিউ ইয়র্ক অফশোর উইন্ড শিল্প প্রতিষ্ঠায় নেতৃত্ব দিচ্ছে এবং জলবায়ু পরিবর্তনকে মোকাবেলা করতে পারছে এবং আমরা এরূপ ভবিষ্যতের একটি অংশ হতে পেরে আনন্দিত।"

**সিনেটর কেভিন পার্কার বলেন,** "ঠিক যে সময়ে ফেডারেল সরকার জলবায়ু পরিবর্তনকে অস্বীকার করে আসছে এবং এর ভয়াবহ ফলাফলের প্রতি উদাসীন, নিউ ইয়র্ক সেই সময়ে ক্লিন এনার্জি ও আমাদের পরিবেশকে রক্ষার জন্য নেতৃত্ব দিচ্ছে। ঐতিহাসিক ক্লাইমেট লিডারশিপ ও কমিউনিটি প্রোটেকশন অ্যাক্টের সম্মিলিত অফশোর উইন্ড প্রকল্পের চুক্তি শুধু পরিচ্ছন্ন পরিবেশ তৈরিতে সহায়তা করবে তা নয় বরং এটি পুরো স্টেটজুড়ে অর্থনৈতিক প্রবৃদ্ধিকে বাড়িয়ে দিবে। আমি গভর্নর কুওমো ও আমার সিনেটের পার্টনারকে ধন্যবাদ জানাই যাদের জন্য এই সংস্কার কাজটি বাস্তবরূপ লাভ করছে।"

**অ্যাসেম্বলি মেম্বার মাইকেল কাসিক,** "নিউ ইয়র্ক তার এনার্জি সিস্টেমকে কীভাবে পরিচালনা করে সে সম্পর্কে আজকের ঘোষণা একটি পরিপূর্ণ দৃষ্টান্ত প্রদর্শন করে, যেটি জিরো লেভেল ইলেক্ট্রিসিটি উৎপাদনের সাথে কার্বন নিঃসরণকে অর্থনীতির যেকোনো পর্যায়ে কমাতে পারে যা এখনি আইনগতভাবে জরুরি। বছরের পর বছর কাজ করার পর, আজ ক্লিন এনার্জি আন্দোলনের ক্ষেত্রে

একটি তাৎপর্যপূর্ণ সময়। আমি প্রত্যাশা করি অনেক স্টেট আমাদের নেতৃত্বকে অনুসরণ করবে এবং আশা করি ফেডারেল সরকার সবকিছু প্রত্যক্ষ করছে। এটি গ্রহণীয় যে নিউ ইয়র্ক দেশের বড় মাপের বৈদ্যুতিক সিস্টেমের কেন্দ্রবিন্দু, দেশকে অফশোর উইন্ড সম্পদের ও ক্লিন অর্থনীতির উন্নয়নে ব্যাপকভাবে নেতৃত্ব দিচ্ছে। আজকের এই অফশোর উইন্ড ঘোষণা নিশ্চয়তা দিচ্ছে যে নিউ ইয়র্কবাসীরা গ্রিন ইকোনোমিতে সামনের সারিতে থাকবে এবং কর্মসংস্থানের সুযোগসহ দূষণমুক্ত পরিবেশের সুবিধা নিতে পারবে। এটি গুরুত্বপূর্ণ যে সাম্প্রতিক সপ্তাহগুলোতে বিদ্যুতের সরবরাহের প্রতি নির্ভরশীলতা কমানো কোনভাবেই গ্রহণযোগ্য নয় এবং বিশেষভাবে নিউ ইয়র্কের জন্য তো এটি নয়ই। অফশোর থেকে উৎপাদিত বিদ্যুৎ গ্রিডগুলোকে সহায়তা করতে পারবে এবং নিউ ইয়র্কবাসীকে মানসিক শান্তি দিতে পারবে যেহেতু তাদের অর্থনৈতিক প্রয়োজনে সার্বক্ষণিকভাবে তারা বিদ্যুৎ পাবে এবং তাদের পরিবারকে সাহায্য করতে পারবে আর এই বিশ্বাস জন্মাবে যে লাইট জ্বলে আছে।"

**নিউ ইয়র্ক অফশোর উইন্ড অ্যালায়েন্স (New York Offshore Wind Alliance)-এর ডিরেক্টর জো মার্টেন বলেন,** "গভর্নরের অফশোর উইন্ড ঘোষণা নিউ ইয়র্কের পরিবেশকেন্দ্রিক নেতৃত্বের ঐতিহ্যে একটি মহা কাব্যিক মাইলফলক। নিউ ইয়র্ক স্টেট দ্রুত ও সচেতনভাবে ক্লিন ও নবায়নযোগ্য জ্বালানীর দিকে ঝুকে যাচ্ছে এবং আজকের এই ঘোষণা এটি নিশ্চিত করে যে, স্টেট তার এই অফশোর উইন্ড প্রকল্প থেকে স্থায়ীভাবে বায়ু দূষণ রোধ, কর্মসংস্থান সৃষ্টি এবং নিউ ইয়র্ককে আমেরিকার শিল্পের উপকেন্দ্র হিসেবে প্রতিষ্ঠার সমুদয় সুবিধা নিতে পারবে।"

**লং আইল্যান্ড অ্যাসোসিয়েশন (Long Island Association)-এর সভাপতি এবং প্রধান নির্বাহী কর্মকর্তা কেভিন এস. ল বলেন,** "আজকের ঘোষণা গভর্নর কুওমো এবং স্টেটকে একটি ক্লিন এনার্জির অর্থনীতির উন্নয়নে জাতিকে নেতৃত্ব দেওয়ার জন্য একটি ধারাবাহিক প্রতিশ্রুতি প্রদর্শন করে। আজকে অনুমোদিত এবং বিবেচনাধীন প্রকল্পটি লং আইল্যান্ডকে দেশের অফশোর উইন্ড ক্যাপিটাল হিসেবে প্রতিষ্ঠিত করবে এবং ভালো বেতনের কর্মসংস্থান সৃষ্টি ও এই অঞ্চলে বিলিয়ন ডলার বিনিয়োগে সহায়তা করবে।"

**লং আইল্যান্ড ফেডারেশন অব লেবার (Long Island Federation of Labor)-এর সভাপতি জন আর. দুবসো বলেন,** "নিউ ইয়র্ক স্টেট কর্তৃক গৃহীত পাবলিক পলিসি গ্রহণ করার মাধ্যমে এই গ্রহটি সুসংবাদ পেয়েছে। গভর্নর কুওমো দ্বারা অফশোর উইন্ড পাওয়ারের প্রথম বৃহৎ সংগ্রহ জলবায়ু পরিবর্তন মোকাবেলা এবং একটি উদীয়মান শিল্প বিকাশ করার সুযোগ সৃষ্টিতে একটি বড় পদক্ষেপ। এটি বিশেষ করে লং আইল্যান্ডের জন্য গুরুত্বপূর্ণ, যেখানের কর্মশক্তি সামনের চ্যালেঞ্জগুলোর সম্মুখীন হওয়ার জন্য প্রস্তুত রয়েছে।"

**বিল্ডিং ট্রেডস কাউন্সিল অব নাসাউ অ্যান্ড সাফোক কাউন্টির (Building Trades Council of Nassau and Suffolk County) সভাপতি ম্যাট আরাচিচ বলেন,** "জলবায়ু সংরক্ষণ প্রযুক্তিতে অগ্রগতি এবং নবায়নযোগ্য জ্বালানীর উপর কেন্দ্রীভূত একটি আগ্রাসী নীতিমালা একটি নতুন কর্মসংস্থানের বাজার সৃষ্টি করে যা নিউ ইয়র্কের শ্রমিক শ্রেণির জনগণের জন্য প্রবেশযোগ্য। শ্রমিক শ্রেণির কঠোর পরিশ্রমী পুরুষ ও নারীদের মান ও পেশা বিবেচনায় এনে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করার জন্য NYSERDA-এর এই উদ্যোগে বিল্ডিং ট্রেডস কাউন্সিল গর্ববোধ করে।

অফশোর উইন্ডের উন্নয়নের মতো কর্মসূচি ভবিষ্যত বছরগুলোতে টেকসই, পরিবেশবান্ধব কাজ প্রদান করার পাশাপাশি আমাদের অঞ্চলের উল্লেখযোগ্য উপকার সাধন করবে।"

**ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইন্সটিটিউট (Workforce Development Institute, WDI)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর এড মারফি বলেন**, "আমাদের পরিবেশ রক্ষা এবং ভালো মানের কর্মসংস্থান তৈরির দিকে নিউ ইয়র্ক আরেকটি বড় পদক্ষেপ গ্রহণ করছে। আমাদের গবেষণা দেখায় যে নিউ ইয়র্কের উপকূলে টারবাইন পরিকল্পনা, নির্মাণ, স্থাপন ও রক্ষণাবেক্ষণ করার জন্য 74টিরও বেশি পেশায় নিউ ইয়র্কের হাজার হাজার কর্মী কাজ করবে। অফশোর উইন্ড শিল্পের সাথে সংশ্লিষ্ট কর্মসংস্থানকে সহায়তা করার জন্য WDI গভর্নর, আইন পরিষদ, NYSERDA, শ্রম ইউনিয়ন এবং ব্যবসাসমূহের সাথে কাজ করা অব্যাহত রাখবে।"

**সেন্টার ফর ইকোনমিক গ্রোথ (Center for Economic Growth)-এর সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যান্ড্রু কেনেডি বলেন,** "অফশোর উইন্ড আপস্টেটের অর্থনীতির জন্য রূপান্তরকারী হিসেবে কাজ করবে। আজকের ঘোষণার মাধ্যমে এটি স্পষ্ট হয়েছে যে আমাদের শক্তি, যাতে অন্তর্ভুক্ত আছে অ্যালবানি এবং কাওয়িমানস পোর্ট, একটি বলিষ্ঠ উৎপাদন খাত, অপ্রতিদ্বন্দ্বী প্রাতিষ্ঠানিক গবেষণা ও উন্নয়ন সংশ্লিষ্ট সম্পদ এবং একটি প্রস্তুত ও সক্ষম কর্মশক্তিকে বিবেচনায় নিয়ে ক্যাপিটাল রিজিওন অফশোর উইন্ড শিল্পকে সমর্থন করার জন্য প্রস্তুত রয়েছে। বাড়ির ফ্যাব্রিকেশনের কাজ পরিচালনা, স্পেস থেকে স্টেজ এবং পরিবহনের ভিত্তি, সাবস্টেশন এবং বায়ুচালিত টারবাইন জেনারেটরের চাহিদা মেটাতে এই শিল্পের সাথে কাজ করতে ক্যাপিটাল রিজিওন উন্মুখ হয়ে আছে।"

**নিউ ইয়র্ক লিগ অব কনজারভেশন ভোটার (New York League of Conservation Voters)-এর সভাপতি জুলি টিগে বলেন,** "আমরা অফশোর উইন্ড নিয়ে গভর্নরের আজকের ঘোষণার প্রশংসা করছি - 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট উইন্ড পাওয়ার এবং 2040 সাল নাগাদ কার্বন-মুক্ত বিদ্যুৎ উৎপাদনে স্টেটের জাতীয়-নেতৃস্থানীয় লক্ষ্যে পৌঁছানোর দিকে একটি বড় পদক্ষেপ। অফশোর উইন্ড RFP-এর প্রতি NYSERDA-এর উৎসাহী প্রতিক্রিয়াতে এটিই প্রতীয়মান হয় যে এই প্রকল্পগুলোর উন্নয়ন এবং উইন্ড এনার্জি স্থাপনের গতি বৃদ্ধির ক্ষেত্রে ঐতিহাসিক আগ্রহ রয়েছে। এই প্রকল্প এবং অন্যান্য প্রকল্পগুলো যাতে যতদ্রুত সম্ভব সামনে এগিয়ে চলে তা নিশ্চিত করার জন্য আমরা স্টেকহোল্ডারদের সাথে কাজ করার প্রত্যাশা রাখছি।"

**নেচার কনজারভেন্সির (The Nature Conservancy) নিউ ইয়র্ক চিফ কনজার্ভেশন অ্যান্ড এক্সটার্নাল অ্যাফেয়ার্স অফিসার স্টুয়ার্ট এফ. গ্রুসকিন বলেন,** "আজকের এই ঘোষণাটি জলবায়ু পরিবর্তন মোকাবেলায় এবং আমাদের গ্রহ এবং জনগণের জন্য একটি টেকসই ভবিষ্যত সুরক্ষিত করতে জাতীয় নেতা হিসেবে নিউ ইয়র্কের অবস্থানকে দৃঢ় করে। দেশে অফশোর উইন্ড এনার্জি সর্ববৃহৎ উৎপাদনকারী হওয়ার পথে নিউ ইয়র্ককে পরিচালিত করার জন্য নেচার কনজারভেন্সি গভর্নর কুওমোকে প্রশংসিত করে। আমরা অফশোর উইন্ডের উন্নয়নে স্টেটের দৃষ্টিভঙ্গির প্রশংসা করি, যা বিশ্বব্যাপী উষ্ণতা বন্ধ করার প্রয়োজনের পাশাপাশি আমাদের সংকটপূর্ণ সামুদ্রিক জীবন রক্ষা করার প্রয়োজনীয়তা এবং আমাদের সমুদ্রের উপর নির্ভরশীল জনগণ ও শিল্প রক্ষা করার মধ্যে সামঞ্জস্য করে। গভর্নরের নেতৃত্বের প্রতি ধন্যবাদ, যার কারণে জলবায়ু পরিবর্তনের সাথে

লড়াই করতে এবং ভবিষ্যতের প্রজন্মের জন্য একটি নিরাপদ বিশ্ব তৈরির জাতীয় উদাহরণ হিসেবে নিউ ইয়র্ক প্রতিষ্ঠিত হয়েছে।"

**ন্যাশনাল ওয়াইল্ডলাইফ ফেডারেশন (National Wildlife Federation)-এর সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা কলিন ও'মারা বলেন,** "গভর্নর কুওমোর আজকের এই ঐতিহাসিক অফশোর উইন্ড শিল্পের প্রতিশ্রুতিটি সাহসী নেতৃত্বের প্রতিফলন ঘটায় যা আমেরিকাকে জলবায়ু সংকট মোকাবেলা করতে এবং ভালো বেতন প্রদানকারী উৎপাদন ও নির্মাণ বিষয়ক কর্মসংস্থান সৃষ্টি করতে আগের চেয়ে অনেক বেশি প্রয়োজন। দায়িত্বশীলভাবে উন্নত পরিষ্কার অফশোর উইন্ড পাওয়ার নির্মাণ ত্বরান্বিত করার জন্য গভর্নর কুওমোর স্বপ্নদর্শী নেতৃত্ব এবং নিউ ইয়র্ক স্টেটের কর্মকর্তাদের কঠোর পরিশ্রমের প্রতি আমি সম্মান জানাই। আমরা অফশোর উইন্ড শিল্প এবং আমাদের সকল অংশীদারকে অভিনন্দন জানাচ্ছি, এম্পায়ার স্টেট শক্তিশালী করার জন্য নির্মিত সমস্ত প্রকল্পগুলো দ্বারা আমাদের স্থানীয় কমিউনিটিগুলোকে সর্বাধিক সুবিধা প্রদান এবং উপকূলীয় ও সামুদ্রিক বন্যপ্রাণিকে প্রতিটি পদক্ষেপে সুরক্ষা প্রদান করা নিশ্চিত করতে আমরা একসাথে কাজ চালিয়ে যাওয়ার জন্য প্রত্যাশা করছি।"

## নিউ ইয়র্ক স্টেটের গ্রিন নিউ ডিল

গভর্নর কুওমোর গ্রিন নিউ ডিলটি দেশের জলবায়ু পরিবর্তনের সংশ্লিষ্ট কর্মসূচিগুলোর মধ্যে সবচেয়ে আগ্রাসী এবং এই কর্মসূচিটি বিদ্যুৎ উৎপাদন, পরিবহন, ভবন, শিল্প ও কৃষিসহ অর্থনীতির সব খাতগুলোকে সম্পূর্ণরূপে কার্বন-নিরপেক্ষ হওয়ার পথে স্টেটকে পরিচালিত করে। গভর্নরের এই কর্মসূচি 2040 সালের মধ্যে বিদ্যুৎ খাতে জিরো-কার্বন নির্গমন অর্জনের লক্ষ্যও প্রতিষ্টা করে যা দেশের অন্যান্য স্টেটগুলোর তুলনায় দ্রুততর। সম্প্রতি গৃহীত ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্ট গভর্নরের উচ্চাকাঙ্ক্ষী গ্রিন নিউ ডিল পরিচ্ছন্ন জ্বালানী লক্ষ্যসমূহের কয়েকটি সংশোধন করেছে: 2035 সালের মধ্যে অফশোর বায়ুর নয় গিগাওয়াট স্থাপন করা; 2025 সালের মধ্যে বিতরণযোগ্য ছয় গিগাওয়াট সৌর সোলার এবং 2030 সালের মধ্যে তিন গিগাওয়াটের বিদ্যুৎ সঞ্চয়। এছাড়াও CLCPA একটি পদ্ধতি তৈরির জন্য বলেছে এবং শুধুমাত্র পরিচ্ছন্ন বিদ্যুতের স্থানান্তরসহ একটি গ্রিন ইকোনোকিকে উৎসাহিত করার পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টির আহ্বান জানিয়েছে। এটি পরিচ্ছন্ন বিদ্যুৎ খাতে নিউ ইয়র্কের অভূতপূর্ব উন্নয়নসহ স্টেটজুড়ে 46টি বৃহৎ পরিসরের নবায়নযোগ্য প্রকল্পে 2.9 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ, নিউ ইয়র্কের পরিচ্ছন্ন বিদ্যুৎ খাতে 150,000 এর বেশি কর্মসংস্থান সৃষ্টি এবং বন্টনযোগ্য সোলার খাতে 2012 সাল থেকে এ পর্যন্ত 1,700% প্রবৃদ্ধি সৃষ্টি করেছে। এছাড়াও CLCPA নিউ ইয়র্ক স্টেটের এজেন্সি ও কর্তৃপক্ষকে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর লেভেলসমূহ থেকে 2050 সালের মধ্যে 85% কমিয়ে আনতে এবং অবহেলিত কমিউনিটিসমূহের সুবিধার্থে 40 শতাংশ পরিচ্ছন্ন বিদ্যুৎ এবং বিদ্যুৎ সাশ্রয়ী রিসোর্সসমূহ বিনিয়োগের লক্ষ্যে কাজ করার পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে স্টেকহোল্ডারদের সাথে যৌথভাবে কাজ করার নির্দেশনা দেয়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন